ঢাকা ওয়াসা

(১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
(২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
(৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
(৪) কাজের ক্যালকুলেশন শীট।
(৫) ক্লিনিং কাজের প্রাক্কলন।
(৬) আলোচ্য কাজের প্রাক্কলন।

Name of the work: Cleaning and removing of grass beside distribution chamber area at PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে সর্বশেষ ধাপে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগার হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীন ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় ইলেকট্রোমেকানিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। উক্ত পয় শোধনাগারে বিভিন্ন স্থাপনার পাশাপাশি বিশাল খোলা চত্তর বিদ্যমান যাতে বিভিন্ন প্রজাতির আগাছা জন্মাচ্ছে। প্রতিনিয়ত প্লান্টে মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিদেশী অতিথি, বিভিন্ন দেশের দাতা সংস্থার প্রতিনিধিবর্গ, সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তা সহ বিভিন্ন ধরনের অতিথি কর্তৃপক্ষের অনুমতি নিয়ে প্লান্ট ভিজিট করে থাকেন। সেই কারনে প্লান্টের অভ্যন্তরীণ পরিবেশ পরিস্কার-পরিচ্ছন্ন ও দৃষ্টিনন্দন এবং আকর্ষণীয় রাখা ও স্বাস্থ্য সুরক্ষা যথাযথ রাখতে প্ল্যান্টের ডিস্ট্রিবিউশন চেম্বার এরিয়ার ঘাস কাটাসহ আনুষংগিক ক্লিনিং কাজ করার প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Cleaning and removing of grass beside distribution chamber area at PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল(ক্রমিক নং-৫ দ্রঃ)। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৪৯,০০০.০০ (ঊনপঞ্চাশ হাজার) টাকা মাত্র। উক্ত কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের **"পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০০২)** খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৯০; প্যাকেজ নং- **E 6** হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৯৯(১)(ড) ধারায় সরাসরি চুক্তির (Direct contracting) আওতায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Cleaning and removing of grass beside distribution chamber area at PSTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি অতি জরুরি বিধায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৯৯(১)(ড) ধারায় সরাসরি চুক্তির (Direct contracting) আওতায় মেসার্স শাহিন ট্রেড ইন্টারন্যাশনাল এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।
খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪৯,০০০.০০ (ঊনপঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।
গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের **“পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” (কোড ০১-০৪-০০২)** খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ উপ-ব্যবস্থাপনা পরিচালক(ও এন্ড এম) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

24/05/26

সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

24.5.2026

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

S. Rahman
24/05

সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

SE(WSTPC)/CE [illegible]/DMD(O&M)

১.৪ অনুমোদিত।

24/5/26

মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদঃ)
ঢাকা ওয়াসা।

XEN (PSTP)